

কুবির দ্বিতীয় সমাবর্তনের তারিখ ঘোষণা, অংশগ্রহণ করতে পারবেন যারা

কুবি প্রতিনিধি



সংযুক্ত ছবি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি ও বিশ্ববিদ্যালয়ের আচার্য

মুহাম্মদ সাহাবুদ্দিনের অনুমোদন সাপেক্ষে কুমিল্লা

বিশ্ববিদ্যালয়ের (কুবি) দ্বিতীয় সমাবর্তনের তারিখ আগামী ৭

ডিসেম্বর নির্ধারণ করা হয়েছে। তবে সমাবর্তনে তিনি সশরীরে

উপস্থিত থাকতে পারবেন না।

রবিবার (৭ সেপ্টেম্বর) সমাবর্তন কমিটির আহ্বায়ক ও

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মো. হায়দার আলী বিষয়টি

নিশ্চিত করেছেন।

অধ্যাপক হায়দার আলী বলেন, ‘সমাবর্তনে রাষ্ট্রপতির প্রতিনিধি

হিসেবে উপস্থিত থাকবেন জ্বালানি ও খনিজ সম্পদ উপদেষ্টা

মুহাম্মদ ফাওজুল কবির খান।

এ ছাড়া সমাবর্তন বক্তা হিসেবে থাকবেন ইউজিসির চেয়ারম্যান

অধ্যাপক ড. এস এম এ ফয়েজ।’

তিনি বলেন, ‘প্রথম সমাবর্তনে যারা অংশ নিয়েছিল তারা ব্যতীত

ডিসেম্বরের আগে যাদের অনার্স শেষ হয়ে সার্টিফিকেট হয়ে যাবে,

তারাও সমাবর্তনে অংশগ্রহণ করতে পারবেন। আমরা একটা

ফরমের মাধ্যমে শিক্ষার্থীদের থেকে তাদের তথ্য সংগ্রহ করব,

সঙ্গে কিছু স্পন্দনের ব্যবস্থাও করা হবে।’

এ বিষয়ে সমাবর্তন কমিটির সহ-আহ্বায়ক ও উপ-উপাচার্য

অধ্যাপক ড. মাসুদা কামাল বলেন, ‘সমাবর্তনের তারিখ নির্ধারণ

হয়েছে।

অতিথি হিসেবে উপস্থিত থাকবেন সড়ক জনপথ ও বিদ্যুৎ জুলানি

মন্ত্রণালয়ের উপদেষ্টা, ইউজিসির চেয়ারম্যান ও আমাদের উপাচার্য

স্যার।’